

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ৫. হযরত ছালেহ (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

কওমে ছামূদ-এর প্রতি হযরত ছালেহ (আঃ)-এর দাওয়াত

পথভোলা জাতিকে হযরত ছালেহ (আঃ) সর্বপ্রথম তাওহীদের দাওয়াত দিলেন। তিনি তাদেরকে মূর্তিপূজাসহ যাবতীয় শিরক ও কুসংস্কার ত্যাগ করে এক আললাহর ইবাদত ও তাঁর প্রেরিত বিধান সমূহের প্রতি আনুগত্যের আহবান জানালেন। তিনি যৌবনকালে নবুঅতপ্রাপ্ত হন। তখন থেকে বার্ধক্যকাল অবধি তিনি স্বীয় কওমকে নিরন্তর দাওয়াত দিতে থাকেন। কওমের দুর্বল শ্রেণীর লোকেরা তাঁর উপরে ঈমান আনলেও শক্তিশালী ও নেতৃস্থানীয় লোকেরা তাঁকে অস্বীকার করে। ছালেহ (আঃ)-এর দাওয়াত সম্পর্কে সূরা আ'রাফের ৭৩-৭৯ আয়াতে আল্লাহ বলেন,

وَإِلَى تَمُوْدَ أَخَاهُمْ صَالِحاً قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللهَ مَا لَكُم مِّنْ إِلَهٍ غَيْرُهُ قَدْ جَاءَتْكُمْ بَيْنَةٌ مِّن رَبِّكُمْ هَذِهِ نَاقَةُ اللهِ لَكُمْ آيَةً فَذَرُوْهَا تَأْكُلْ فِي أَرْضِ اللهِ وَلاَ تَمَسُّوْهَا بِسُوْءٍ فَيَأْخُذَكُمْ عَذَابٌ أَلِيْمٌ، وَاذْكُرُوْا إِذْ جَعَلَكُمْ خُلَفَاءَ مِنْ بَعْدِ عَادٍ وَبَوَأَكُمْ فِي الأَرْضِ تَتَّخِذُوْنَ مِنْ سُهُوْلِهَا قُصُوراً وَتَنْحِتُوْنَ الْجِبَالَ بُيُوْتاً فَاذْكُرُوْا آلآءَ اللهِ وَلاَ تَعْقُوْا فِي عَاد وَبَوَأَكُمْ فِي الأَرْضِ مُفْسِدِيْنَ، قَالَ الْمَلأُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهِ لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْا إِنَّا بِمَا أَرْسِلَ بِهِ مُؤْمِنُونَ، قَالَ النَّذِيْنَ اسْتَكْبَرُوْا إِنَّا بِالَّذِيْ آمَنتُمْ بِهِ كَافِرُوْنَ، فَعَقَرُوا النَّاقَةَ مُرْسَلً مِّن رَبِّهِمْ وَقَالُوا يَا صَالِحُ الْتِنَا بِمَا تَعِدُنَا إِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ، فَأَخَذَتُهُمُ الرَّجْفَةُ فَأَصْبَحُوا فِي وَعَوْلِ النَّاقَةَ وَعَلَى عَنْهُمْ وَقَالُوا يَا صَالِحُ الْتِنَا بِمَا تَعِدُنَا إِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ، فَأَخَذَتُهُمُ الرَّجْفَةُ فَأَصْبَحُوا فِي وَعَمِ لِللهِ عَيْرُوا إِنَّا بِكُمْ وَلَكِن لاَ تُحِبُونَ النَّاعِمِ فِي الْأَدِيْنَ النَّامِ وَقَالُوا يَا صَالِحُ الْتِنَا بِمَا تَعِدُنَا إِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ، فَأَخَذَتُهُمُ الرَّجْفَةُ فَأَصْبَحُوا فِي وَمَعَمْتُ لَكُمْ وَلَكِن لاَ تُحِبُونَ النَّاصِحِيْنَ وَلَا عَالَى يَا قَوْمِ لَقَدْ أَبْلَغْتُكُمْ رِسَالَةَ رَبِّيْ وَنَصَحْتُ لَكُمْ وَلَكِن لاَ تُحِبُونَ النَّاصِحِيْنَ وَلَالَاعِرَاهِ هَا كُونُ النَّاصِحِيْنَ اللهِ وَالْعَلَاعِلَى الْمُؤْمِلِونَ النَّاصِحِيْنَ وَلَعَرَافَ هَا لَكُونُ لاَ تُحْبُونَ النَّاصِحِيْنَ وَلَوْلَ اللَّهُ مِنَا لَنَا عَوْمِ لَقَدْ أَبْلُغْتُكُمْ رِسَالَةَ رَبِّي وَنَصَحْتُ لَكُمْ وَلَكِن لاَ تُحَرِّونَ النَّاصِحِيْنَ النَّاصِولِي اللهُ وَلَلُولُوا يَا مِنْ الْمُؤْمِلُونَ النَّاصِولِ الْكُونُ وَالْمُؤْمُولُ الْمُؤْمِلُولُ اللّهُ وَلَلَوْمُ الْمُؤْمِلُونَ الْمُؤْمِلُولُ اللهُ وَلَا لَكُونُ الْمُؤْمِ وَلَوا لَيْ الْمُؤْمِلُونَ الْمُؤْمِلُولُوا اللهَا عَلْمَ الْمُؤْمِلَالِهُ اللّهُ الْمُؤْمُ الْمُؤْمِ اللّهُ الْمُؤْمِلُولُ اللّهُ ال

অনুবাদ: 'ছামূদ জাতির নিকটে (আমরা প্রেরণ করেছিলাম) তাদের ভাই ছালেহকে। সে বলল, হে আমার জাতি! তোমরা আল্লাহর ইবাদত কর। তিনি ব্যতীত তোমাদের কোন উপাস্য নেই। তোমাদের কাছে তোমাদের পালনকর্তার পক্ষ হ'তে একটি প্রমাণ এসে গেছে। এটি আল্লাহর উদ্রী, তোমাদের জন্য নিদর্শন স্বরূপ। অতএব তোমরা একে ছেড়ে দাও আল্লাহর যমীনে চরে বেড়াবে। তোমরা একে অন্যায়ভাবে স্পর্শ করবে না। তাতে মর্মান্তিক শান্তি তোমাদের পাকড়াও করবে' (আ'রাফ ৭/৭৩)। 'তোমরা স্মরণ কর, যখন আল্লাহ তোমাদেরকে 'আদ জাতির পরে তাদের স্থলাভিষিক্ত করেন এবং তোমাদেরকে পৃথিবীতে ঠিকানা করে দেন। সেমতে তোমরা সমতল ভূমিতে অট্টালিকা সমূহ নির্মাণ করেছ এবং পাহাড়ের গায়ে খোদাই করে প্রকোষ্ঠ সমূহ নির্মাণ করেছ। অতএব তোমরা আল্লাহর অনুগ্রহ সমূহ স্মরণ কর এবং পৃথিবীতে অনর্থ সৃষ্টি করো না' (৭৪)। কিন্তু তার সম্প্রদায়ের দান্তিক নেতারা ঈমানদার দুর্বল শ্রেণীর উদ্দেশ্যে বলল, 'তোমরা কি জানো যে, ছালেহ তার প্রভুর পক্ষ হ'তে প্রেরিত নবী? তারা বলল, আমরা তো তার আনীত বিষয় সমূহের প্রতি বিশ্বাস স্থাপনকারী' (৭৫)। 'জেবাবে) দান্তিক নেতারা বলল, তোমরা যে বিষয়ে বিশ্বাস স্থাপন করেছ, আমরা সে বিষয়ে অস্বীকারকারী' (৭৬)। 'অতঃপর তারা উদ্লীকে হত্যা করল এবং তাদের প্রভুর আদেশ অমান্য করল। তারা বলল, হে ছালেহ! তুমি নিয়ে এস যদ্বারা তুমি আমাদের ভয় দেখাতে, যদি তুমি আল্লাহর প্রেরিত নবীদের একজন হয়ে থাক' (৭৭)। 'অতঃপর ভূমিকম্প



তাদের পাকড়াও করল এবং সকাল বেলা নিজ নিজ গৃহে সবাই উপুড় হয়ে পড়ে রইল' (৭৮)। 'ছালেহ তাদের কাছ থেকে প্রস্থান করল এবং বলল, হে আমার সম্প্রদায়! আমি তোমাদের কাছে আমার প্রতিপালকের পয়গাম পৌঁছে দিয়েছি এবং তোমাদের কল্যাণ কামনা করেছি। কিন্তু তোমরা কল্যাণকামীদের ভালবাস না' (আ'রাফ ৭/৭৩-৭৯)।

ছালেহ (আঃ)-এর উপরোক্ত দাওয়াত ও তাঁর কওমের আচরণ সম্পর্কে পবিত্র কুরআনের ২২টি সূরায় ৮৭টি আয়াতে বিভিন্নভাবে বর্ণিত হয়েছে।[3]

ফুটনোট

[3]. যথাক্রমে: (১) সূরা আ'রাফ ৭/৭৩-৭৯ (২) তওবা ৯/৭০ (৩) হূদ ১১/৬১-৬৮, ৮৯ (৪) ইবরাহীম ১৪/৯ (৫) হিজর ১৫/৮০-৮৪ (৬) ইসরা ১৭/৫৯ (৭) হজ্জ ২২/৪২ (৮) ফুরকান ২৫/৩৮-৩৯ (৯) শো'আরা ২৬/১৪১-১৫৯ (১০) নামল ২৭/৪৫-৫৩ (১১) আনকাবৃত ২৯/৩৮ (১২) ছোয়াদ ৩৮/১৩ (১৩) গাফের/মুমিন ৪০/৩১-৩৩ (১৪) ফুছছিলাত/হা-মীম সাজদাহ ৪১/১৩, ১৭-১৮ (১৫) কাফ ৫০/১২ (১৬) যারিয়াত ৫১/৪৩-৪৫ (১৭) নাজম ৫৩/৫১ (১৮) কামার ৫৪/২৩-৩১ (১৯) আল-হা-ককাহ ৬৯/৪-৫ (২০) বুরুজ ৮৫/১৮ (২১) ফাজ্র ৮৯/৯ (২২) শাম্স ৯১/১১-১৫। সর্বমোট ৮৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2163

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন